দৈনিক ইত্তেফাক

৭০

তারিখ ... 27 DEC 1998 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২ ......

# প্রাথমিক শিক্ষিকাদের পারস্পরিক বদলি প্রসঙ্গে

সরকারী প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাদের আন্তঃথানা, আন্তঃজেলা এবং আন্তঃবিভাগীয় বদলি বন্ধ করা হইয়াছে। এই বদলি বন্ধের কারণে বিবাহিতা শিক্ষিকাদের দাম্পত্য জীবনে শান্তি বিঘ্নিত হইতেছে। বৈবাহিক কারণে একজন শিক্ষিকার আন্তঃথানা, আন্তঃজেলা এবং আন্তঃবিভাগীয় বদলির প্রয়োজন হয়। কর্মরত স্বামী-স্ত্রীকে একই স্থানে বদলির আদেশ উল্লেখিত বদলি বন্ধের আদেশের মাধ্যমে লংঘন করা হইয়াছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হইতে বদলি বন্ধের কারণ হিসাবে, থানা, জেলা ও বিভাগভিত্তিক বিদ্যমান শূন্য পদের সংখ্যা স্থির রাখিবার কথা হইয়াছে। প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাদের আন্তঃথানা, আন্তঃজেলা, এবং আন্তঃবিভাগীয় পারস্পরিক বদলি বন্ধ রাখিবার কোন যুক্তিসংগত কারণ নাই। এমতাবস্থায়, সরকারী প্রাথমিক শিক্ষিকাদের দাম্পত্য সমস্যার কথা বিবেচনা করিয়া আন্তঃথানা, আন্তঃজেলা এবং আন্তঃবিভাগীয় পারস্পরিক বদলি বন্ধের অযৌক্তিক আদেশ অনতিবিলম্বে প্রত্যাহার করিবার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন জানাইতেছি।

নাম প্রকাশে অনিচ্ছুক